ভারতীয়দের জন্য করিডোর খুলে দিচ্ছে পাকিস্তান, যাওয়া যাবে ভিসা ছাড়াই

পাকিস্তান প্রধানমন্ত্রী ইমরান খান জানিয়েছেন, বহু প্রতীক্ষিত কারতারপুর করিডর আগামী ৯ নভেম্বর সাধারণ মানুষের জন্য খুলে দেওয়া হবে। ইমরান তার ফেসবুকে লিখেছেন, সমগ্র বিশ্বের শিখ সম্প্রদায়ের জন্য এই করিডোরের দরজা খুলে দেওয়া হবে শিগগিরই। কারতারপুরের কাজ এই মুহূর্তে চূড়ান্ত পর্যায়ে রয়েছে এবং সাধারণের জন্য ৯ নভেম্বর ২০১৯ থেকে খুলে দেওয়া হবে।

তিনি জানিয়েছেন, বিশ্বের সব থেকে বড় এই গুরুদ্বারে ভারত এবং বিশ্বের বিভিন্ন জায়গা থেকে শিখ সম্প্রদায়ের মানুষ যেতে পারবেন। সেখানে যেতে ভারতীয়দের জন্য কোনও ভিসা লাগবে না। এছাড়াও এই করিডোরের মাধ্যমে যুক্ত হবে ভারতের পঞ্জাব রাজ্যের গুরুদাসপুর ডেরাবাবা নানক শেরনি এবং পাকিস্তানের লাহোরে দরবার সাহিব গুরুদ্বার।
তিনি আরও জানিয়েছেন, বিশ্বের সব থেকে বড় এই গুরুদ্বারে নানা প্রান্ত থেকে শিখ ধর্মাবলম্বী মানুষজন এখানে আসবে। ভারত থেকেও মানুষজন এখানে আসবে। যার ফলে শিখ সম্প্রদায়ের মানুষের কাছে সব থেকে বড় ধর্মস্থান হয়ে উঠবে এবং স্থানীয় অর্থনীতিতে তার প্রভাব পড়বে। এখানে বৈদেশিক মুদ্রা লেনদেন করা যাবে, যা দেশের অর্থনীতির ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ। এছাড়াও চাকরির নানা ক্ষেত্র তৈরি হবে। দেশের পর্যটন শিল্প গতি পাবে।

সূত্র: কলকাতা২৪